রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগস্ট ২৮, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ/ ২৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৫.১৫৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২ সেপ্টেম্বর ২০০৯ তারিখের মপবি/নিকার/৩(১)/২০০৮-১২০ নম্বর স্মারকের অনুবৃত্তিক্রমে **'প্রাক নিকার সচিব কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

১.১। **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | : | সভাপতি |
| (২) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৩) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | সচিব, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৬) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| (৯) | বিষয় সংশ্লিষ্ট সচিব | : | সদস্য |
| (১০) | অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য-সচিব। |

১.২। এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি:**

(১) নতুন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর এবং পরিদপ্তর স্থাপন, পুনর্গঠন এবং নাম পরিবর্তনের প্রস্তাব বিবেচনা করে সুপারিশ প্রদান;

(২) নতুন সিটি কর্পোরেশন এবং পৌরসভা স্থাপন এবং সীমানা পুনর্নির্ধারণের (সম্প্রসারণ ও সংকোচন) বিষয়ে সুপারিশ প্রদান;

(৩) নতুন বিভাগ, জেলা, উপজেলা ও বিভিন্ন ধরনের থানার অধিক্ষেত্র ও সদর দপ্তর নির্ধারণ এবং প্রয়োজনীয় ভূমি ও ভৌত অবকাঠামো সুবিধাদি সম্পর্কে সুপারিশ প্রদান;

(৪) বিভাগ, জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি অফিসে ন্যূনতম জনবল কাঠামো সম্পর্কে সুপারিশ প্রদান; এবং

(৫) বিভাগ, জেলা, উপজেলা, থানা বা ইউনিয়নের কোন এলাকা সংযোজন বা বিয়োজনের বিষয়ে সুপারিশ প্রদান।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

১.৬। মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় অনুবিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd